



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা



স্মারক নম্বর: ৩৭.১৩.০০০০.৫০৩.০১.০৪২.২৪.৮২

১২ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২৬ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ব্রাহ্মণবাড়িয়া জেলার আশুগঞ্জ উপজেলাধীন তালশহর বুধাই সাহা উচ্চবিদ্যালয় এর স্বীকৃতির মেয়াদ নবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, তাঁর বিদ্যালয়ের স্বীকৃতির মেয়াদ ০১/০১/২০২৪ হতে ৩১/১২/২০২৮ খ্রি. তারিখ পর্যন্ত নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ০৫(পাঁচ) বছরের জন্য বৃদ্ধি করা হলো এবং ২০২৯ সন পর্যন্ত এসএসসি পরীক্ষায় ছাত্র-ছাত্রী অংশগ্রহণের অনুমতি প্রদান করা হলো।

শর্তাবলী:

১. স্নাতক পাস শিক্ষকগণকে পর্যায়ক্রমে বিএড প্রশিক্ষণে প্রেরণ করতে হবে।
২. সহ-পাঠ্যক্রম কার্যক্রম জোরদার করতে হবে।
৩. পাঠপত্রিকল্পনা অনুসরণপূর্বক শিক্ষকগণকে প্রাকপ্রস্তুতি গ্রহণ করে শিক্ষা উপকরণ ব্যবহারের মাধ্যমে শ্রেণি কক্ষে পাঠদান নিশ্চিত করতে হবে।
৪. বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের নিয়মিত ব্যবহারিক ক্লাস নিশ্চিত এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতি যত্ন সহকারে রক্ষণাবেক্ষণ করতে হবে।
৫. বিদ্যালয়ের পাঠাগারের উন্নয়ন এবং ছাত্র-ছাত্রীদের মধ্যে নিয়মিত পাঠাভ্যাসের মনোভাব গড়ে তুলতে হবে।
৬. স্টাফিং প্যাটার্ন ঠিক রেখে ৩০% মহিলা শিক্ষক নিয়োগ করতে হবে।
৭. বিদ্যালয়ের চারপাশে কমপক্ষে ১০০টি ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষরোপণ করে যথাযথ পরিচর্যা ব্যবস্থা করতে হবে।
৮. জেএসসি পরীক্ষায় ন্যূনতম ৮০% পরীক্ষার্থী পাস করার প্রচেষ্টা চালাতে হবে।
৯. বাধ্যতামূলকভাবে বয় স্কাউট/গার্ল গাইডস/রেড ক্রিসেন্ট দল গঠন করতে হবে।
১০. বাধ্যতামূলক কম্পিউটার সংগ্রহ ও ইন্টারনেট সংযোগ গ্রহণ করতে হবে।
১১. শিক্ষার্থীদের বেত্রাঘাত থেকে বিরত থাকতে হবে।
১২. জাতীয়, রাষ্ট্রীয় ও সরকার ঘোষিত দিবসসমূহ যথাযথভাবে পালন করতে হবে।

২৬-০৫-২০২৪

প্রফেসর মোঃ আজহারুল ইসলাম

বিদ্যালয় পরিদর্শক

৮৮০৮১৭৬৭০০ (ফোন)

৮৮০৮১৭৬৪৩৮ (ফ্যাক্স)

প্রধান শিক্ষক, তালশহর বুধাই সাহা উচ্চবিদ্যালয় ডাক: তালশহর উপজেলা: আশুগঞ্জ জেলা: ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নম্বর: ৩৭.১৩.০০০০.৫০৩.০১.০৪২.২৪.৮২/১ (৪)

১২ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২৬ মে ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (গ্রোড-১), মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
- ২। পরিচালক, পরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস);
- ৩। আঞ্চলিক উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কুমিল্লা অঞ্চল, কুমিল্লা এবং

৪। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, কুমিল্লা।



(Handwritten signature)

২৬-০৫-২০২৪

প্রফেসর মোঃ আজহারুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক